বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
ঋণ আদায় বিভাগ।

ফোনঃ ০২২২৩৩৮৩১৬৫
Email: dgmrecovery@krishibank.org.bd

প্রকা/আদায়-২(১)/সুদ মওকুফ/২০২২-২৩/৬১৮ তারিখ ঃ ০৫-০১-২০২৩ খ্রিঃ

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

ই-মেইলযোগে

**বিষয় ঃ সুদ মওকুফ সম্পর্কিত নীতিমালা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

শিরোনামের বিষয়ে ঋণ আদায় বিভাগের বিগত ২০/০৬/২০২২ খ্রিঃ তারিখের পত্র নং প্রকা/আদায়-২(১)/সুদ মওকুফ/২০২১-২২/১০৯৬ এবং বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১৬/১১/২০২২ খ্রিঃ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৬ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত) ।

০২। ব্যাংক কর্তৃক ঋণের সুদের সম্পূর্ণ অংশ বা অংশবিশেষ মওকুফের ক্ষেত্রে তহবিল ব্যয় আদায়ের শর্ত শিথিলের বিষয়ে ঋণ আদায় বিভাগের উল্লেখিত পত্রের ২(চ) নং অনুচ্ছেদ নিম্নরূপঃ

" অনুচ্ছেদ নং-২(ঙ) এ **বর্ণিত ক্ষেত্র ব্যতীত** অপরিহার্য ক্ষেত্রে তহবিল ব্যয় আদায়ের শর্ত শিথিল করার জন্য এর যৌক্তিকতা নিশ্চিতকরণে ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে নিরীক্ষাকরত হেড অব ইন্টারনাল কন্ট্রোল অ্যান্ড কমপ্লায়েন্স (এইচআইসিসি) এর মতামত গ্রহণ করতে হবে।"

০৩। বিআরপিডি সার্কুলার নং ৪৬ তাং ১৬/১১/২০২২ খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী ২(চ) নং অনুচ্ছেদ নিম্নরূপে পরিবর্তিত হবেঃ

" অনুচ্ছেদ নং-২(ঙ) এ **বর্ণিত ক্ষেত্রসমূহসহ** অন্যান্য অপরিহার্য ক্ষেত্রে তহবিল ব্যয় আদায়ের শর্ত শিথিলের যৌক্তিকতা নিশ্চিতকরণে ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে নিরীক্ষাকরত হেড অব ইন্টারনাল কন্ট্রোল অ্যান্ড কমপ্লায়েন্স (এইচআইসিসি) এর মতামত গ্রহণ করতে হবে। "

০৪। এতদ্ব্যতীত, উল্লেখিত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৫/০১/২০২৩ খ্রিঃ
(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপমহাব্যবস্থাপক

প্রকা/আদায়-২(১)/সুদ মওকুফ/২০২২-২৩/৬১৮(০৬) তারিখ ঃ ০৫-০১-২০২৩ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর , ঢাকা।
০৫। সচিব, পর্ষদ সচিবালয়/ সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। নথি/মহানথি।

০৫/০১/২৩
(হাসিনা খানম)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৬

তারিখ: ১৬ নভেম্বর ২০২২ / ০১ অগ্রহায়ণ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**সুদ মওকুফ সম্পর্কিত নীতিমালা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৬; তারিখ: ২১ এপ্রিল ২০২২ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮; তারিখ: ২৪ মে ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-০৬/২০২২ এর অনুচ্ছেদ ২(চ) [বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮/২০২২ এর মাধ্যমে প্রতিস্থাপিত] এ বর্ণিত নির্দেশনা অধিকতর স্পষ্টীকরণ ও এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে এ মর্মে জানানো যাচ্ছে যে, বিআরপিডি সার্কুলার নং-০৬/২০২২ এর ২(ঙ) অনুচ্ছেদে বর্ণিত ক্ষেত্রসমূহসহ অন্যান্য অপরিহার্য ক্ষেত্রে তহবিল ব্যয় আদায়ের শর্ত শিথিলের যৌক্তিকতা নিশ্চিতকরণে ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে নিরীক্ষা করত হেড অব ইন্টারনাল কন্ট্রোল অ্যান্ড কমপ্লায়েন্স (এইচআইসিসি) এর মতামত গ্রহণ করতে হবে।

০৩। এতদ্ব্যতীত, সুদ মওকুফ সম্পর্কিত বিআরপিডি সার্কুলার নং-০৬/২০২২ এর [বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮/২০২২ এর মাধ্যমে প্রতিস্থাপনসহ] অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২